**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 23-10-2025** **Desk in Charge : SDG**
**Time : 1.30 PM** **Compiling : Suvankar. B**

**DEO : KB** **NR : Surita Saha**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ কেরালার রাজভবনে প্রাক্তন রাষ্ট্রপতি কে আর নারায়ণনের আবক্ষ মূর্তি উন্মোচন করেন ।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ 'মেরা বুথ সবসে মজবুত' কর্মসূচীর অধীনে বিহারের বিজেপি ও NDA কর্মীদের সঙ্গে ভার্চুয়ালি বৈঠক করবেন।

৩) বিহারে বিরোধী মহাজোটের তরফে মুখ্যমন্ত্রী পদপ্রার্থী হিসাবে RJD নেতা তেজস্বী যাদবের নাম ঘোষণা করা হয়েছে।

৪) ইন্টারন্যাশনাল কোর্ট অফ জাস্টিস বলেছে, প্যালেস্তেনীয় ভূখন্ডে আন্তর্জাতিক মানবাধিকার আইন মেনে চলতে ইজরায়েল বাধ্য।

৫) আজ ভাইফোঁটা। ভাইদের মঙ্গল কামনায় ঘরে ঘরে চলছে ফোঁটা দেওয়ার পালা। প্রধানমন্ত্রী এই উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

৬) অ্যাডিলেডে দ্বিতীয় একদিনের ক্রিকেট ম্যাচে ভারত আজ জয়ের জন্য অস্ট্রেলিয়ার সামনে ২৬৫ রানের লক্ষ্যমাত্রা রেখেছে।

*********************************************************************

কেরালা সফররত রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে সমাজের প্রতিটি শ্রেণী, বিশেষত দুর্বল ও প্রান্তিক গোষ্ঠীর ক্ষেত্রে 'বিকশিত ভারতে'র লক্ষ্য অর্জনের জন্য সমান সুযোগ প্রয়োজন। কেরালার রাজভবনে প্রাক্তন রাষ্ট্রপতি কে আর নারায়ণনের আবক্ষ মূর্তি উন্মোচনের পর বক্তৃতাকালে আজ এ কথা বলেন তিনি।

প্রাক্তন রাষ্ট্রপতি কে আর নারায়ণনের অবদানের কথা তুলে ধরে রাষ্ট্রপতি বলেন, শ্রী নারায়ণন সততা, করুণা এবং গণতান্ত্রিক চেতনার উত্তরাধিকার রেখে গেছেন। অন্তর্ভুক্তিমূলক দেশ গঠনের জন্য তাঁর জীবন উৎসর্গ করেছিলেন। শ্রীমতি মুর্মু আরও বলেন, কে আর নারায়ণন দৃঢ়ভাবে বিশ্বাস করতেন যে শিক্ষা সভ্যতার ভিত্তি এবং এটি যেকোনো সমাজের উন্নয়নের জন্য অপরিহার্য।

( বাইট- মুর্মু )

এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যপাল রাজেন্দ্র বিশ্বনাথ আরলেকার, প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, বিহারের রাজ্যপাল আরিফ মুহাম্মদ খান।

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সন্ধ্যায় ভার্চুয়াল মাধ্যমে বিহারের বিজেপি তথা এনডিএ জোটের বুথ লেবেল কর্মীদের সঙ্গে কথা বলবেন। অনুষ্ঠানটির নাম দেওয়া হয়েছে 'মেরা বুথ সাবসে মজবুত'। এদিন সামাজিক মাধ্যমে এক পোস্টে প্রধানমন্ত্রী জানিয়েছেন, বিহারের নির্বাচনে বিজেপি-NDA জোটের জয় সুনিশ্চিত করতে দলীয় কর্মীরা দৃঢ় সংকল্পবদ্ধ। জনসংযোগ এবং সাধারণ মানুষের সঙ্গে মিশে তাদের কথা শোনা, এনডিএ-র মূল শক্তি বলেও তিনি মন্তব্য করেছেন।

**********************

বিহারে বিরোধী মহাজোটের তরফে আজ মুখ্যমন্ত্রী পদপ্রার্থীর নাম ঘোষণা করা হয়েছে। বিধানসভা নির্বাচনে মহাজোট জিতলে আরজেডি নেতা তেজস্বী প্রসাদ যাদব মুখ্যমন্ত্রী হবেন বলে এদিন জানিয়েছেন কংগ্রেসের পর্যবেক্ষক তথা রাজস্থানের প্রাক্তন মুখ্যমন্ত্রী অশোক গেহলৌট। জোটের সদস্য সাতটি দলের নেতৃত্বের তরফে এদিন পটনায় এক সাংবাদিক বৈঠক করা হয়। ভোটে জিতলে মহাজোটের তরফে বিকাশশীল ইনসান পার্টির মুকেশ সাহানি উপ মুখ্যমন্ত্রী হবেন বলেও ঘোষণা করা হয়েছে।

**********************

বিহার বিধানসভা নির্বাচনের দ্বিতীয় ও শেষ পর্যায়ে মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন আগামীকালা এই পর্যায়ে ২০টি জেলার ১২২টি বিধানসভা কেন্দ্রে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে আগামী ১১ই নভেম্বর।

কাইমুর জেলার সংরক্ষিত মোহনিয়া বিধানসভা কেন্দ্রে রাষ্ট্রীয় জনতা দলের (আরজেডি) প্রার্থী শ্বেতা সুমনের মনোনয়নপত্র বাতিল করা হয়েছ। তাঁর জমা দেওয়া তফসিলি জাতির শংসাপত্রটি বাতিল বলে প্রমাণিত হয়েছে।

পশ্চিম চম্পারন জেলার বাল্মিকিনগর বিধানসভা কেন্দ্রে জন সুরাজ পার্টির প্রার্থী দ্রিগ নারায়ণ প্রসাদের মনোনয়নপত্রও বাতিল হয়েছে,। মনোনয়নপত্র জমা দেওয়ার আগে তিনি সরকারি শিক্ষক পদ থেকে ইস্তফা দেননি। এই দুটি কেন্দ্রেও দ্বিতীয় পর্যায়ে ভোটগ্রহণ হবে।

দ্বিতীয় পর্যায়ে ভোট হবে সীতামারহি, শেওহার, মধুবনী, পূর্ব চম্পারন এবং পশ্চিম চম্পারন জেলায়। শাহাবাদ অঞ্চলের রোহতাস ও কাইমুর এবং মগধ অঞ্চলের আওরঙ্গাবাদ, নওয়াদা, জেহানাবাদ ও অরওয়াল জেলাতেও ভোট হবে। পাশাপাশি সীমাঞ্চল অঞ্চলের আরারিয়া,কিশনগঞ্জ, পূর্ণিয়া ও কাটিহার এবং ভাগলপুর, বাঁকা, জামুই ও সুপৌল জেলাতেও ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

**********************

ঝাড়খণ্ডে, ঘাটশিলা বিধানসভার উপনির্বাচনের জন্য মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আগামীকাল। মনোনয়নপত্র পরীক্ষার কাজ গতকাল সম্পন্ন হয়েছে। জেলা নির্বাচন অফিসের মতে, ১৭ জন প্রার্থীর মধ্যে ১৪ জনের মনোনয়নপত্র বৈধ বলে প্রমাণিত হয়েছে।

**********************

জম্মু ও কাশ্মীরের নাগরোটা এবং বাদগাম আসনের আসন্ন বিধানসভা উপনির্বাচনের জন্য মনোনয়নপত্র পরীক্ষার কাজ শেষ হয়েছে। মোট ৩৩ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন এর মধ্যে নাগরোটা আসনে ১০টি এবং বুদগাম আসন থেকে ১৭টি মনোনয়নপত্র বৈধ বলে প্রমাণিত হয়েছে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ আগামীকাল। উভয় বিধানসভা আসনের ভোটগ্রহণ ১১ নভেম্বর এবং ভোট গণনা ১৪ নভেম্বর অনুষ্ঠিত হবে।

**********************

নতুন দিল্লীতে নির্বাচন কমিশন আয়োজিত মুখ্য নির্বাচনী আধিকারিকদের দুদিনের সম্মেলনের আজ শেষ দিন। গতকাল প্রথম দিনে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-এসআইআর নিয়ে সব রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিদের দপ্তরের প্রস্তুতি খতিয়ে দেখা হয়। একই সঙ্গে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে সর্বশেষ এসআইআর-এর তালিকার সঙ্গে বর্তমান ভোটার তালিকার ম্যাপিং-এর কাজে সিইওদের জন্য কমিশনের জারি করা নির্দেশ সঠিকভাবে পালিত হচ্ছে কি না, সেবিষয়টিও পর্যালোচনা করা হয় বৈঠকে। জেলা নির্বাচনী আধিকারিক - ডিইও, নির্বাচনী নিবন্ধন আধিকারিক-ইআরও, সহকারি নির্বাচনী নিবন্ধন আধিকারিক -

এইআরও, বুথ স্তরের আধিকারিক-বিএলও এবং বুথ স্তরের এজেন্ট-বিএলএ-দের নিয়োগ ও প্রশিক্ষণ নিয়েও বৈঠকে আলোচনা হয়।

**দ্বারকার ইন্ডিয়া ইন্টারন্যাশানাল ইনস্টিটিউট ফর ডেমোক্র্যাসি অ্যান্ড ইলেক্ট্রোরাল ম্যানেজমেন্ট** IIIDEM-এ মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের সভাপতিত্বে এই সম্মেলনে গতকাল উপস্থিত ছিলেন দুই নির্বাচন কমিশনার ডঃ সুখবীর সিং সান্ধু এবং ডঃ বিবেক জোশী।

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ,২৬ শে অক্টোবর , আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১২৭**-তম পর্ব।

বেলা **১১**-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

**********************

আজ ভ্রাতৃদ্বিতীয়া। কার্তিক মাসের শুক্ল পক্ষের দ্বিতীয়া তিথিতে ভাইফোটা পালিত হয়ে থাকে। দেশের অন্যান্য অংশেও আজ ভাইদু'জ পালিত হচ্ছে। ভাইয়ের মঙ্গল কামনায় এই উৎসবকে অনেক জায়গায় Bhaubeej, ভাইটিকা বা যমদ্বিতীয়াও বলা হয়ে থাকে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভাইদুজ উপলক্ষে দেশবাসাকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, এই উৎসব ভাই ও বোনের মধ্যে

ভালোবাসা ও বিশ্বাসের প্রতীক। প্রত্যেকের জীবনে আজকের দিনটি সুখ, শান্তি ও সমৃদ্ধি বয়ে আনবে বলে আশা প্রকাশ করেন তিনি।

**********************

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ আহমেদাবাদের সানন্দে শান্তিপুরা-খোরাজ জিআইডিসির ছয় লেনের সড়কের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেলও এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ২৮.৮ কিলোমিটার দৈর্ঘ্যের এই ছয় লেনের সড়কের উভয় পাশের রাস্তা প্রশস্ত করা হয়েছে।এই প্রকল্পে ১৩টি সেতু এবং একটি ছয় লেনের উঁচু সেতুও অন্তর্ভুক্ত রয়েছে।

এদিন, শ্রী শাহ এবং শ্রী প্যাটেল সানন্দের বাসিন্দাদের সঙ্গে দেখা করেন এবং তাদের নববর্ষের শুভেচ্ছা জানান।

**********************

কোট্টায়ম জেলার বিশেষ তদন্তকারী সংস্থা- SIT, আজ শবরীমালা সোনা জালিয়াতি-কাণ্ডে প্রাক্তন প্রশাসনিক আধিকারিক মুরারিবাবুকে জিজ্ঞাসাবাদের পর গ্রেফতার করেছে। গত রাতে তার বাসভবন থেকে, তাঁকে হেফাজতে নেওয়া হয়।
২০১৯ সালে এই জালিয়াতির সময় মুরারি বাবু শবরীমালা মন্দিরের অধিকর্তা ছিলেন। তিনি মন্দিরের সোনার আবরণ করা প্যানেল ও ফ্রেম চুরি এবং অবৈধভাবে তা পাচারের মামলায় অভিযুক্ত।

**********************

অসমের কোকরাঝাড় জেলার উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের আলিপুরদুয়ার বিভাগের কোকরাঝাড় এবং সালকাটি স্টেশনের মধ্যে রেললাইনে আজ ভোররাতে একটি সন্দেহজনক বিস্ফোরণ ঘটে। এতে ট্রেন চলাচল ব্যাহত হয়।

রেলওয়ে আধিকারিকরা জানিয়েছেন, একটি পণ্যবাহী ট্রেন যখন ওই লাইন দিয়ে যাচ্ছিল তখন বিস্ফোরণটি ঘটে। এর ফলে প্রচণ্ড একটি ঝাঁকুনির পর, ট্রেন ম্যানেজার ট্রেনটি থামিয়ে দেন। রাজ্য পুলিশ, রেলওয়ে সুরক্ষা বাহিনী এবং গোয়েন্দা বিভাগ বিষয়টির তদন্ত করছে।

যুদ্ধকালীন তৎপরতায় মেরামতের কাজ শুরু করার ফলে ওই রুটে পুনরায় ট্রেন পরিষেবা চালু করা গেছে। চলছে জোরদার টহলদারি।

**********************

আন্তর্জাতিক ন্যায়ালয়-আইসিজে বলেছে, প্যালেস্তেনীয় ভূখন্ডে আন্তর্জাতিক মানবাধিকার আইন মেনে চলতে এবং গাজার সাধারণ নাগরিকদের কাছে ত্রাণ পৌঁছে দিতে রাষ্ট্রসংঘের সঙ্গে কাজ করতে ইজরায়েল বাধ্য। ত্রাণ হিসাবে প্রাথমিক প্রয়োজনীয়তার মধ্যে রয়েছে খাদ্য, পানীয় জল, বাসস্থান, জ্বালানী এবং চিকিৎসা পরিষেবা। আইসিজে এক কড়া মন্তব্যে বলেছে, ইজরায়েলকে যুদ্ধের পদ্ধতি হিসাবে সাধারণ মানুষের কাছ থেকে খাবার কেড়ে নেওয়া বন্ধ করতে হবে। একইসঙ্গে জীবনধারণের জন্য প্রয়োজনীয় পণ্য সামগ্রী সুষ্ঠু সরবরাহ সুনিশ্চিত করতে হবে বলেও জানানো হয়েছে। ১১ জন বিচারপতি প্যানেল জানিয়েছে, গাজা ভূখন্ডে প্যালেস্তেনীয় শরণার্থীদের জন্য রাষ্ট্রসংঘ যে ত্রাণ সহযোগিতা পৌঁছে দিচ্ছে, তাতে ইজরায়েলেরে উচিত সমর্থন করা। রাষ্ট্রসংঘের মহাসচিব আন্তনীয় গুতেরেস আদালতের এই রায়কে স্বাগত জানিয়েছেন।

অন্যদিকে, ইজরায়েলের বিদেশ মন্ত্রক এই মতামতের বিরোধিতা করে একে আন্তর্জাতিক আইনের রাজনীতিকরণ বলে উল্লেখ করেছে। একই মত পোষণ করেছে মার্কিন বিদেশ দপ্তরও।

**********************

পহেলগাঁও হামলা গোটা বিশ্বের স্মৃতিতে আজও অমলিন এবং মানবাধিকার লঙ্ঘণের ঘৃণ্য উদাহরণ বলে ভারত জানিয়েছে। ভারতের রাষ্ট্রসংঘ মিশনের ফার্স্ট সেক্রেটারি রঘু পুরি বলেছেন, পাকিস্তান যেভাবে আন্তঃসীমান্ত সন্ত্রাসবাদে মদত জোগাচ্ছে এবং ভারতের বিরুদ্ধে জঙ্গি কার্যকলাপে উৎসাহ দিচ্ছে গোটা বিশ্ব তা প্রত্যক্ষ
করছে। তিনি সন্ত্রাসবাদের প্রচার বন্ধ করতে, শিশু ও মহিলাদের লক্ষ্যবস্তু না করার জন্য ইসলামাবাদের প্রতি আহ্বান জানান।

**********************

অ্যাডিলেডে আজ একদিনের ক্রিকেট সিরিজের দ্বিতীয় ম্যাচে ভারত আজ অস্ট্রেলিয়ার সামনে জয়ের জন্য ২৬৫ রানের লক্ষ্যমাত্রা রেখেছে। টসে জিতে অস্ট্রেলিয়া ভারতকে প্রথমে ব্যাট করতে পাঠায়। নির্ধারিত ৫০ ওভারে ৯ উইকেটে তারা ২৬৪ রান করে।

রোহিত শর্মা ৭৩ এবং শ্রেয়াস আইয়ার ৬১ রান করেন। অস্ট্রেলিয়ার অ্যাডাম জাম্পা ৪ টি এবং জেভিয়ার বার্লেট ৩ টি উইকেট নিয়েছেন।

*****************************************************************